

তারিখ
 পৃষ্ঠা ... কলাম ...

তরুণ কবি জসিম মাহমুদ পেলেন কবীর চৌধুরী সাহিত্য পুরস্কার

ঢাকা রিপোর্টার ॥ জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী সাহিত্য পুরস্কার পেয়েছেন তরুণ কবি জসিম মাহমুদ। মাসিক সাতক প্রবর্তিত এই পুরস্কারের মূল্যমান নগদ এক লাখ টাকা, একটি পেন্সিফর্ম ফোর কালিউটার, একটি প্রী-পেইড গ্রামিং মোবাইল ফোন ও ফ্রেস্ট। অনূর্ধ্ব ৩০ বর্ষসেরা বই ১৪০৮ টেকসই জীবনের চৌকন কাব্যগ্রন্থের জন্য ঘোষিত এই পুরস্কার শেষবার গ্রন্থধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে প্রদান করা হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা, সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান। অধ্যাপক জিবুর রহমান সিনিকীর সভাপতিত্বে অনুষ্ঠানে ওভেন্সা বক্তৃত্ব করেন অধ্যাপক কবীর চৌধুরী, অধ্যাপক সফাহউদ্দিন আহমদ, অধ্যাপক বেবহানউদ্দিন খান জাহাঙ্গীর, আজহারুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুহাম্মদ হাবিবুর রহমান বলেন, বয়স অনূর্ধ্ব ৩০, এটিই প্রকৃত সময় জয় করার, নজরুল বিদ্রোহী কবিতা লিখেছিলেন মাত্র ২৩ বছর বয়সে। আমাদের তরুণদেরও এগিয়ে আসতে হবে সৃষ্টিশীল কাজে। জিবুর রহমান সিনিকী বলেন, অনেক বড় বড় সাহিত্যিক তাদের বিখ্যাত সব কাজ ৩০ বছর বয়সের মধ্যে করেছেন। অধ্যাপক কবীর চৌধুরী সাহিত্যকে দ্রুত মানুষের মন ছুঁতে সক্ষম মাধ্যম হিসাবে উল্লেখ করেন। তিনি বলেন, আমরা আজ মানুষের জন্য সহানুভূতি, সহমর্মিতা হারিয়ে ফেলেছি। সাহিত্যই পারে এ পুনরুদ্ধার করতে। অধ্যাপক বেবহানউদ্দিন খান জাহাঙ্গীর বলেন, বাংলাদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে সাহিত্যের বিরাট ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে তিন জনের নামে পাঠক মতামত পুরস্কার ঘোষণা করা হয়। এরা হচ্ছেন হাবিবুর রহমান বেগমেল, মাহবুব মোর্শেদ ও শাহজোহান শিকদার।